গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৮২.২১-

তাং---------------------------/১৪২৮বঙ্গাব্দ।
/২০২১খ্রিষ্টাব্দ।

## অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব সরলা প্রভা দে, পিতা-মদন মোহন দে, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম এর বিরুদ্ধে তার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক গত ০৮/০৭/২০১৯খ্রিঃ তারিখের উপঃসাঃকমঃ/আনো/১৯/৪৭ নং স্মারকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রেরণ করা হয়। তার অননুমোতিদভাবে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে এ অধিদপ্তরের ০৫/০৮/২০১৯খ্রিঃ তারিখের ৩১৩ নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। উক্ত কৈফিয়ত তলবের তার ১৪/০৮/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব তার কর্তৃপক্ষ কর্তৃক ১৮/০৩/২০২০খ্রিঃ তারিখের উপঃসাঃকমঃ/আনো/২০/১১৬৯ নং স্মারকে প্রেরণ করা হয়। এতে উক্ত কৈফিয়ত তলবের জবাবসহ তার অসুস্থতার সনদ ও সুস্থতার বিষয়ে মেডিকেল বোর্ডের প্রতিবেদন এবং তার কর্তব্য কাজে ১৪/০৮/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত যোগদানপত্র প্রেরণ করা হয়েছে।

২। যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্তের জন্য ১৪/০৯/২০২০খ্রিঃ তারিখের ১৪৬ নং স্মারকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির ১৩/০৪/২০২১খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও তার অসুস্থতার সনদ এবং সুস্থতার বিষয়ে মেডিকেল বোর্ডের প্রতিবেন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, এক্ষনে জনাব সরলা প্রভা দে, পিতা-মদন মোহন দে, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম এর দাখিলকৃত জবাব, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, অসুস্থতার সনদ এবং সুস্থতার বিষয়ে মেডিকেল বোর্ডের প্রতিবেদন পর্যালোচনায় তাকে আনীত অভিযোগের দায় হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হল।

স্বাঃ-
(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৮২.২১- ৩৮৯/১(৮)

তাং- ০১/৮ /১৪২৮বঙ্গাব্দ।
১৬/৯ /২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম।
৪। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, আনোয়ারা, চট্টগ্রাম।
৫। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৬। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, চট্টগ্রাম।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। জনাব সরলা প্রভা দে, পিতা-মদন মোহন দে, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম।

১৬/৯/২১
(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২৭.২০২১/ তাং------------------------/১৪২৮বঙ্গাব্দ। /২০২১খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

সূত্র নং- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জুড়ী, মৌলভীবাজারের স্মারক নং-উপঃস্বাঃকমঃজুড়ী/নার্সিং-ব্যক্তি/২০২০/২৩০, তারিখ-১৩/০৪/২০২০খ্রিঃ।

যেহেতু, আপনি জনাব অঞ্জু বেপারী, পিতা-মতিলাল বেপারী, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জুড়ী, মৌলভীবাজারের বিরুদ্ধে সূত্রোক্ত স্মারকে আপনার স্থানীয়কর্তৃপক্ষ কর্তৃক এ মর্মে অভিযোগ প্রেরণ করা হয়েছে যে, আপনি গত ২৬/১২/২০১৭ খ্রিঃ তারিখ হতে ২৮/১২/২০২১৭খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে আপনার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ৩০/১২/২০১৭খ্রিঃ তারিখের ৫৪১ নং স্মাকে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আপনি কর্মস্থলে উপস্থিত হন। পরবর্তীতে ০১/০১/২০১৮খ্রিঃ তারিখ হতে পুনরায় অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে আপনাকে ০১/০৩/২০১৮খ্রিঃ তারিখের ৯৬ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আপনি প্রায় ০৫ মাস পর কর্মস্থলে উপস্থিত হয়ে অসুস্থতা জনিত কারণে কর্তব্য কাজে উপস্থিত থাকতে পারেননি মর্মে জানান। তৎপ্রেক্ষিতে আপনাকে চিকিৎসা ব্যবস্থাপত্র ও সুস্থতার সনদপত্রসহ কর্তব্য কাজে যোগদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। কিন্তু আপনি কর্তব্য কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন। সে কারণে আপনাকে ১১/০৮/২০১৮খ্রিঃ তারিখের ৩২১ নং স্মারকে পুনরায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি কর্তব্য কাজে যোগদান করেন নি এবং কোন প্রকার যোগাযোগও করেন নি। আপনা কর্তৃক এহেনভাবে দীর্ঘদিন যাবৎ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধির পরিপন্থি ও যা শাস্তি যোগ্য অপরাধ।

সেহেতু, আপনি জনাব অঞ্জু বেপারী, পিতা-মতিলাল বেপারী, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জুড়ী, মৌলভীবাজার দীর্ঘ দিন যাবৎ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এর কারণ এ পত্র জারীর ০৭(সাত) কর্মদিবসের মধ্যে আপনার স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে এ অধিদপ্তর বরাবরে দাখিল করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

১। কর্মস্থলের ঠিকানাঃ
জনাব অঞ্জু বেপারী, পিতা-মতিলাল বেপারী,সিনিয়র স্টাফ নার্স,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জুড়ী, মৌলভীবাজার।

২। স্থায়ী ঠিকানা ঃ
জনাব অঞ্জু বেপারী, পিতা-মতিলাল বেপারী,সিনিয়র স্টাফ নার্স,
গ্রামঃ দীর্ঘাকুমার খালী, পোঃ দীর্ঘা, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২৭.২০২১/ ৬২০/১(৭) তাং ০৪/৬ /১৪২৮বঙ্গাব্দ। ১৯/৯ /২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, মৌলভীবাজার।
৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমেপ্লেক্স, জুড়ী, মৌলভীবাজার।
৪। উপজেলা হিসাব রক্ষণ, জুড়ী, মৌলভীবাজার।
৫। উপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জন অফিস, মৌলভীবাজার।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৯/৯/২১
(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)।